

ফাতওয়া নম্বার: ৩৯২

প্রকাশকাল: ২৬-০৭-২০২৩ ইং

একটি হাদীসের তাহকীক

প্রশ্নঃ

মাওলানা আসেম উমর রহিমাথুল্লাহর 'ইসলাম ও গণতন্ত্র' নামক বইয়ের ৪৬ নম্বর পৃষ্ঠায় একটি হাদীস দেখলাম। হাদীসটি হলো, نصرت بالشباب منعت بالشيوخ এই হাদীসের কি কোনও ভিত্তি আছে? আমি যতটুকু জানি, এটি হাদীস নয়। যদি হাদীস হয়ে থাকে তাহলে হাওয়ালটা একটু জানাবেন। অনূদিত কিতাবটি মাকতাবাতুল হাবিব থেকে প্রকাশিত হয়েছে।

-হাসান মাহমুদ

উত্তরঃ

এমন কোনও হাদীসের ভিত্তি আমরা পাইনি। উর্দু ভাষায় রচিত মাওলানা আসেম উমর রহিমাথুল্লাহর মূল কিতাব 'আদইয়ান কি জঙ্গ' এর ইদারায় হিন্তি থেকে ১৪৩৪ হিজরীর মুদ্রিত কপিতে আমরা এটির উল্লেখ পাইনি। তেমনিভাবে মাওলানা আবু জারির আব্দুল ওয়াদুদ কর্তৃক অনূদিত ও আবাবিল প্রকাশন কর্তৃক প্রকাশিত উক্ত গ্রন্থের বাংলা অনুবাদ 'ইসলাম ও গণতন্ত্র' বইয়েও এটির উল্লেখ পাইনি। মুহাদ্দিসদের অনেকে এই বর্ণনাকে ভিত্তিহীন বলেছেন। মাকতাবাতুল হাবিব থেকে প্রকাশিত বইটি এই মুহূর্তে আমাদের হাতে নেই। তাতে এমন ভুল কিছু থাকলে মাকতাবা কর্তৃপক্ষকে জানাতে পারেন।

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৮-১২-১৪৪৪ হি.

০৭-০৭-২০২৩ ঈ.